Registered
No. C. 853

জঙ্গিপুর
# সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩১শে আষাঢ় বুধবার ১৩৬০ ইংরাজী 15th July, 1953 { ৯ম সংখ্যা



ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২.
C. P. Service

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

**নূতন বীমা**
**১৬,৩৮,৭৯,২৯৮৲**

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৪৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২২,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩১শে আষাঢ় বুধবার সন ১৩৬০ সাল

## রাজনীতির নোংরামি

—০—

নেতৃস্থানীয় ব্যক্তিগণের মধ্যে যাঁহারা দেশের শাসনসংস্কার বা শাসনকার্য্য পরিচালনা করেন, বা করিতেন, তাঁহাদের মধ্যে একমাত্র গান্ধিজী কোন ভুল করিয়া, যখন বুঝিতে পারিতেন, অন্যায় করিয়াছি, তখনি দ্বিধা না করিয়া অম্লানবদনে ত্রুটি স্বীকার করিয়া বলিতেন - "আমি প্রকাণ্ড ভুল করিয়া ফেলিয়াছি" ( আই হাভ্ কমিটেড এ হিমালয়ান্ ব্লাণ্ডার্ )। তিনি ছাড়া নিজের ভুল স্বীকারের সৎ-সাহস কই দেখা যায় না। আমাদের ভারতের লোকপ্রিয় প্রধান মন্ত্রী জহরলালজী শুধু ডাঃ শ্যামাপ্রসাদের চিকিৎসায় অবহেলা ও রহস্যজনক মৃত্যুর তদন্তের কোনও প্রয়োজন নাই, যখন একবার বলিয়াছেন, তখন আর তাঁহাকে দিয়া বলানো কঠিন —যে তদন্ত হউক। তিনি চিকিৎসা শাস্ত্রে অভিজ্ঞ নন। আবদুল্লা এডিনবর্গের ডিগ্রীধারী ডাক্তারের চিকিৎসার যে ফিরিস্তি দিয়াছেন, ডাঃ খারে, ডাঃ অমল রায় চৌধুরী, ডাঃ নলিনীরঞ্জন সেন, তাহা দেখিয়া উহা কুচিকিৎসা হইয়াছে বলিলেও, জহরলালজীর "আবদুল্লা সরকার যাহা করিয়াছে, তাহা ঠিকই করিয়াছে," এ কথা টলিবার নয়।

তদন্ত হইলেও যে, ডাঃ শ্যামাপ্রসাদের পুনর্জীবন লাভ হইবে না, ইহা নিশ্চয়। আবদুল্লা যখন তাঁহার সন্দেহের অতীত, তখন তাঁহাকে টলায় কে? কিন্তু খবরের কাগজে যে প্রকাশিত হইল—শিখ নেতা তারা সিং বলিয়াছেন—"যখন আবদুল্লা ডাঃ শ্যামাপ্রসাদকে বন্দী করিলেন, তখন জহরলালজী তাঁহাকে (আবদুল্লাকে) বাহবা দিয়া অভিনন্দন জানাইয়াছিলেন।" ইহার কোনও প্রতিবাদ জহরলালজীনও কাগজে করিয়াছেন বলিয়া জানা যায় নাই। জহরলালজী সাম্প্রদায়িকতা দেখিলেই খুব চটিয়া উঠেন, ইহা সর্ব্বজনবিদিত। আবদুল্লার কতকগুলি কৃতকার্য্য, যাহা সংবাদপত্রের পৃষ্ঠায় ছাপার অক্ষরে বাহির হইয়াছে, তাহা সত্য না মিথ্যা এ বিষয় জহরলালজী যদি অনুসন্ধান করিয়া দেখেন, তবে আবদুল্লার সহিত সৌহার্দ্দ্য অক্ষুণ্ণ রাখিয়াও ভারতের হিতকর অনেক তথ্য অবগত হইতে পারিবেন।

(১) আবদুল্লার কিদোয়াই নামে যে চীফ সেক্রেটারী আছেন, তিনি কি মোটেই সাম্প্রদায়িকতাবাদী নন? ভারত সরকার কি এই পদের জন্য একজন লোক দিতে চাওয়ায় আবদুল্লা সে লোককে লন নাই?

(২) আবদুল্লা রাজ্যে যে সব হিন্দু জেলা ম্যাজিষ্ট্রেট ছিলেন, তাঁহারা কি আপন আপন পদে আছেন, না, তাঁহাদিগকে সরাইয়া সে সব পদে মুসলমান বাহাল করা হইয়াছে?

(৩) পরমানন্দ নামে একাউণ্টেণ্ট জেনারেল যখন তখন আবদুল্লার হুকুম মত ট্রেজারী হইতে চোথা কাগজের শ্লিপে টাকা দিতে আপত্তি করায় পদচ্যুত হইয়াছেন কিনা?

(৪) হানাদারদের আক্রমণকালে বরমূলার গবর্ণর ফৈজুল্লা তাহাদের দলে মিশিয়া তাহাদের নেতা হইয়া বিনাযুদ্ধে বরমূলা হানাদারদের দখলে আনে। ১৩ হাজার হিন্দু এই সময়ে সেখানে নিহত হয় কি না? ভারতীয় সৈন্যগণ বরমূলা দখল করিয়া ফৈজুল্লাকে গ্রেপ্তার করায় ফৈজুল্লা পলাইতে না পারিয়া আত্মহত্যার চেষ্টা করিয়াও বিফল হয়। আবদুল্লা মুক্তি দিয়া এই ফৈজুল্লাকে পুনর্ব্বসতি বিভাগে কমিশনর করিয়াছেন কি না?

(৫) খাজা আবদুর রহিম ( সব-জজ ) শত্রুর সহিত যোগ দিয়া গ্রেপ্তার ও বন্দী হয়, আবদুল্লা তাহাকে মুক্তি দিয়া পূর্ব্বপদে বাহাল করিয়া বকেয়া বেতনও প্রদান করেন কি না?

(৬) জম্মুর পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট আবদুর রসিদ পাকিস্তান বেতারে গুপ্ত সংবাদ দিতে গিয়া হাতেনাতে ধরা পড়ে ও গ্রেপ্তার হয়। আবদুল্লা তাহাকে মুক্তি দিয়া পুলিশের ডেপুটী ইন্‌স্পেক্টর জেনারেল পদে উন্নীত করিয়াছেন কি না?

(৭) রাজৌরীতে ২০ হাজার হিন্দু নিহত হয়, অনেক হিন্দুনারী আত্মমর্য্যাদা রক্ষার জন্য আত্মহত্যা করে। এই হত্যাকাণ্ডের নায়ক ছিল মির্জ্জা মহম্মদ হোসেন, নিয়ামতুল্লা, করমতুল্লা এবং আজিজ শাওল। মির্জ্জা মহম্মদ হোসেন পাকিস্তানে পলাইয়া সেখানে জেলার ডেপুটি কমিশনর হইয়াছে। বাকী তিন জনকে আবদুল্লা তাহাদের স্ব স্ব পদে বাহাল করিয়াছেন।

(৮) আসাদুল্লা নামক এক ব্যক্তি সাম্প্রদায়িক গুণ্ডামিতে নেতৃত্ব করিয়া বহু হিন্দুর হাউস-বোট ধ্বংস করে, তাহাকে দিল্লীতে ট্রেড এজেণ্ট নিযুক্ত করা হইয়াছে কি না?

(৯) মুসলিম সম্মেলনের প্রেসিডেণ্ট গোলাম আব্বাস এবং সেক্রেটারী আগা সৌকত গ্রেপ্তার হয়, আবদুল্লা তাহাদের মুক্তি দিয়া 'আজাদ কাশ্মীরে' পাঠাইয়া দিয়াছেন। সেখানে তাহারা কাশ্মীরের পাকিস্তানভুক্তির আন্দোলনের নেতৃত্ব করিতেছে কি না?

(১০) সৌকতের ভ্রাতা আগা নাজির আলি শত্রুকে সাহায্য করার অপরাধে ধৃত হয়, আবদুল্লা তাহাকে মুক্তি দিয়া রাজস্ব মন্ত্রীর এসিষ্ট্যাণ্ট সেক্রেটারী নিযুক্ত করিয়াছেন কি না? তাহার আর এক ভ্রাতা আগা মজঃফর পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত হইয়াছে কি না? ভারতীয় সামরিক কর্ত্তৃপক্ষ ইহাদিগকে গ্রেপ্তার করে এবং আবদুল্লা তাহাদের মুক্তি দিয়াছেন। এ সবগুলির মধ্যে যদি একটি বিষয় আংশিক সত্য হয়, তবে আবদুল্লা কি মোটেই সাম্প্রদায়িকতা দোষে কোন সংশ্রব রাখেন না? জহরলালজী ইঁহার গুণমুগ্ধ, সুতরাং বলিতে ইচ্ছা হয়—

"ভ্রমর জানয়ে কমল মাধুরী
সেই সে তাহার বশ।
রসিক জানয়ে রসের চাতুরী
আনে কহে অপযশ।"

---

## জঙ্গিপুরে কো-অর্ডিনেসন মিটিং

বিগত ৩।৭।৫৩ তারিখ মধ্যাহ্ন ১॥০ ঘটিকায় জঙ্গিপুর ফৌজদারী আদালত প্রাঙ্গণে মহকুমা হইতে প্রেরিত আইন সভার প্রতিনিধি, ইউনিয়ন বোর্ডের

প্রেসিডেণ্ট ও মেম্বর, অপরাপর জননায়ক এবং উচ্চপদস্থ সরকারী কর্ম্মচারিগণের সর্ব্বপ্রথম সম্মিলন অনুষ্ঠিত হইয়াছে। মহকুমা শাসক শ্রী এস. কে. ঘোষ, আই-এ-এস মহাশয় এই তিন শতাধিক বিশিষ্ট ব্যক্তির অধিবেশনে পৌরোহিত্য করেন।

উদ্বোধন প্রসঙ্গে সভাপতি মহাশয় প্রথমেই সম্মিলনের উদ্দেশ্য বর্ণনা করিতে গিয়া বলেন যে, এবম্বিধ মিলনের প্রধান উদ্দেশ্য সরকারের কার্য্যক্রম বিশেষতঃ পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরিপ্রেক্ষিতে জনসাধারণকে বুঝাইয়া বলা এবং সর্ব্বকার্য্যে তাঁহাদের সহযোগিতা আহ্বান করা। অতঃপর তিনি বলেন যে, যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা সরকার রচনা করিয়াছেন, তাহা সাফল্যমণ্ডিত করিতে হইলে জনসাধারণের সক্রিয় সহযোগিতা একান্ত প্রয়োজন।

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয় বক্তৃতা প্রদান ব্যপদেশে স্থানীয় সরকারী হাসপাতালের উন্নতিকল্পে মহকুমাবাসীর সকরুণদৃষ্টি আকর্ষণ করেন।

শ্রীশ্যামাপদ ভট্টাচার্য্য, এম. এল. এ. মহাশয় "পঞ্চবার্ষিকী পরিকল্পনা" এবং শ্রীকুবেরচাঁদ হালদার, এম. এল. এ. মহাশয় "সরকারের পরিকল্পনা ও তাহার অগ্রগতি" সম্বন্ধে চিত্তাকর্ষক বক্তৃতায় শ্রোতৃবর্গকে আপ্যায়িত করেন। শ্রীলুৎফল হক, এম. এল. এ. সাহেব "অধিক খাদ্য ফলাও" সম্বন্ধে এক প্রাঞ্জল ভাষণ প্রদান করিতে গিয়া বলেন যে, স্থানীয় যাদব সম্প্রদায়ের শস্যক্ষেত্রে বেআইনী গোচারণের ফলে সরকারী "অধিক শস্য ফলাও" অভিযান অনেকাংশে ব্যাহত হইয়াছে। তিনি উপস্থিত সভ্যগণ সমক্ষে এই প্রকার সাধারণ সহযোগিতামূলক সম্মিলনের সাময়িক উপযোগিতা সহজ ও সরল ভাষায় বিশ্লেষণ করেন।

এতদ্ভিন্ন জনস্বাস্থ্য, কৃষি, খাদ্যবণ্টন, পাচারনিরোধ এবং রাজপথ বিভাগগুলির ভারপ্রাপ্ত কর্ম্মচারিগণ স্ব স্ব বিষয়বস্তু অবলম্বনে নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। পূর্ব্বাঞ্চলের কৃষি অধিকর্ত্তা মহাশয় 'জাপানী প্রথায় ধানের চাষ' বিশদভাবে বুঝাইয়া বলেন।

উপসংহারে মহকুমা শাসক মহাশয় সরকারের জাতীয় সম্প্রসারণ কার্য্যের অগ্রগতিতে সর্ব্বপ্রকার সহযোগিতা করার জন্য মহকুমাবাসীর নিকট উদাত্ত আহ্বান জানাইয়াছেন।

মহকুমা প্রচার আধিকারিক, জঙ্গিপুর।

বিশ্বস্ত প্রতিষ্ঠান

চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার উপরে যে বাড়ীতে এগ্রিকালচার অফিস আছে সেই দ্বিতল বাড়ীটী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীদুর্গাপদ দে


রঘুনাথগঞ্জ চাউলপটী কাপড়ের দোকান।

## ট্রামের পরিণাম



যদি সব লোক বলে—
চড়িব না ট্রামে,
ট্রাম এই দশাপ্রাপ্ত
হবে পরিণামে !
কি যোয়ান, কিবা প্রৌঢ়
কিবা বুড়ো, ছোঁড়া,
না চ'লে না চ'লে, সব
হইয়াছে খোঁড়া।
কাজেই প্রতিজ্ঞা রাখা
হইবে কঠিন—
যন্ত্র-দানবের আজ
সবাই অধীন।

বেশী দিন নয় যদি
এক মাস ধ'রে,
চালাইতে পারে লোক
কিছু কষ্ট ক'রে ;
প্রতিদিন ক্ষতি হবে
লক্ষ লক্ষ জানি—
পালাই, পালাই ডাক
ছাড়িবে কোম্পানি !
তা, না ক'রে যদি সব
সম্মান ছাড়িবে—
চিরদিন ডাণ্ডা দিয়া
পুলিশ মারিবে।




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় :—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ৸৵০ আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।